গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
(স্থানীয় সরকার শাখা)
www.brahmanbaria.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৪.১৪.০১.১১০.২৩-৭২ তারিখ: ২০ জুলাই ২০২৩

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার ২০ মার্চ ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১-৩১ নং স্মারকে জারিকৃত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার ১০০টি ইউনিয়ন পরিষদের **"হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর"** এর শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ ও ০১ (এক) বছর মেয়াদি প্যানেল প্রস্তুতের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ এর ১৩/০৭/২০১৬ খ্রি. তারিখে প্রকাশিত সংশোধনী গেজেট এবং ১৫/১১/২০১৬ খ্রি. তারিখে প্রকাশিত অধিকতর সংশোধনী গেজেট ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিধি, সার্কুলার ও নীতিমালা মোতাবেক নিম্নবর্ণিত শর্তে ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়ার স্থানীয় সরকার শাখার ০৫ মার্চ ২০১৭ তারিখের ১৩৬ নং স্মারক, ১৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৪৭২ নং স্মারক ও ২২ অক্টোবর ২০১৯ তারিখের ৫৫৮ নং স্মারক মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী ইতোমধ্যে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন বিধি মোতাবেক বিবেচনা করা হবে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ১০০ (একশত)টি | বেতন গ্রেড:১৬। স্কেল: ৯৩০০-২২৪৯০/- (জা: বে: স্কেল ২০১৫ অনুযায়ী) [সরকারি খাত হতে ৭৫% এবং ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় হতে ২৫% হারে বেতন-ভাতা প্রদেয়] | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ। |

**শর্তাবলী:**

প্রার্থীগণকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলী:

১. আগ্রহী প্রার্থীগণ http://dcbb.teletalk.com.bd ঠিকানায় আবেদনপত্র পূরণ করতে পারবেন।আবেদনের সময়সীমা নিম্নরূপ:
   ক) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫ জুলাই ২০২৩; সকাল ১০:০০ টা।
   খ) অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫ আগস্ট ২০২৩ বিকাল ৫:০০ টা।
   গ) **সরাসরি/ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।** সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ On line এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

২. পরীক্ষার ফি ২০০ টাকা এবং Teletalk এর ফি ২৩ টাকাসহ মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা জমা দিতে হবে।

৩. ২৫ জুলাই ২০২৩ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর এর মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

৪. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৫. চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৬. আবেদনকারীকে সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৭. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে সকল সনদপত্র/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক/সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে দাখিল/উপস্থাপনযোগ্য সকল কাগজপত্রাদির তালিকা নিম্নরূপ :
   ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামসহ পদবীর সীল স্বাক্ষরসহ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রের কপি।
   খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদ।
   গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নামসহ পদবীর সীল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
   ঘ) জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদ।



CamScanner

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামসহ পদবীর সীল স্বাক্ষরসহ) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (স্বহস্তে নিজ নাম ছবির অপর পৃষ্ঠায় স্পষ্টাক্ষরে লিখতে হবে)।

চ) প্রার্থী কোন কোটার (শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র-নৃগোষ্ঠী/আনসার ও ভিডিপি) বিপরীতে আবেদন করলে তাকে উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্রের সত্যায়িত (নামসহ পদবীর সীল স্বাক্ষরসহ) অনুলিপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৮. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনীর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামসহ পদবীর সীল স্বাক্ষরসহ) করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

৯. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

১০. কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

১১. নিয়োগের জন্য মনোনীত প্রার্থীর ব্যাপারে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড এর স্বাস্থ্যগত প্রত্যয়ন, ডোপটেস্ট এবং পুলিশ/নিরাপত্তা এজেন্সি কর্তৃক ভেরিফিকেশনে কোন বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে অবিলম্বে উক্ত মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

১২. নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, মৌখিক ও ব্যবহারিক) পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. প্রাথমিকভাবে অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ দেয়া হবে। শিক্ষানবিশকাল সন্তোষজনক হলে চাকুরি বিধি অনুযায়ী চাকুরি স্থায়ী করা হবে।

১৪. চাকুরীর বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৫. কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. এই নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) ১৭/০৪/২০২৩ তারিখের জারিকৃত "মন্ত্রণালয়/বিভাগ ও অধীন সরকারি দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনে চাকরিতে ১৩-২০ গ্রেডের পদে কর্মচারী নিয়োগে অপেক্ষমান তালিকা সংরক্ষণ" সংক্রান্ত পরিপত্র কার্যকর হবে।

১৭. নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ছাড়াও দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**বি. দ্র.: শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।**

২০/০৯/২০২৩

(মোঃ শাহগীর আলম)
জেলাপ্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া
ফোন: ০২৩৩৪৪২৭৭১২
e-mail: dcbrahmanbaria@mopa.gov.bd

CamScanner